২৬/০৯/২০২৪ খ্রি ঃ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা ঃ ঝিকরগাছা, যশোর ।
সভাপতি ঃ জনাব ভূপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

তারিখ ঃ ২৬/০৯/২০২৪ খ্রি ঃ সময় ঃ বেলা - ১০.০০ টায়।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক অত্র উপজেলায় বিআরডিবি'র মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের জন্য গ্রাম পর্যায়ে কৃষকদের সমন্বয়ে কৃষক সমবায় সমিতি ও মহিলাদের সমন্বয়ে মহিলা সমবায় সমিতি গঠন করা হয়। গ্রাম পর্যায়ে গঠিত সমবায় সমিতির সমন্বয়ে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ লিঃ) বিগত ১৯৭৩ সালে সমবায় বিভাগ কর্তৃক নিবন্ধিত হয়। এছাড়া বিআরডিবি'র মাধ্যমে গ্রামীণ দরিদ্র মহিলা ও পুরুষদের নিয়ে সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি প্রকল্প এবং দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) বিআরডিবি'র মাধ্যমে বাস্তবায়িত হয়ে আসছে। প্রতি বছর বিআরডিবি'র মাধ্যমে ১০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়ে থাকে। কিন্তু অত্র অফিসে গ্রাম থেকে আগত সমবায়ী তথা সুফলভোগীদের সাইকেল, মোটর সাইকেল রাখার কোন ব্যবস্থা নাই। ফলে তাদের সাইকেল ও মোটর সাইকেল রাখতে সমস্যার সম্মুখীন হতে হয়। মাঝে মাঝে উপজেলার ভিতর থেকে সাইকেল, মোটর সাইকেল চুরি হয়ে থাকে। কাজেই বিআরডিবি অফিসের সামনে সাইকেল, মোটর সাইকেল রাখার জন্য একটি টিন শেড তৈরী করা প্রয়োজন। একটি টিন শেড তৈরী করার জন্য আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত ঃ উপস্থাপিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বিআরডিবি অফিসের সামনে সাইকেল, মোটর সাইকেল রাখার জন্য একটি টিন শেড তৈরী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রকল্পের নাম ঃ- বিআরডিবি পল্লী ভবনের সামনে টিন শেড তৈরী।
প্রকল্পের ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ভূপালী সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা ,যশোর।

স্মারক নং ঃ ৪৭.৬২.৪১২৩.১০১.১৮.১৪৮.০৮.১১০৫ তারিখ ঃ ২৬/০৯/২০২৪ খ্রি ঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ।
১। উপপরিচালক, বিআরডিবি, যশোর ।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর ।
৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর ।
৫। উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর ।
৬। .... সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর ।
৭। অফিস কপি ।

২৬/০৯/২০২৪

(মোঃ মাহমুদুল হাসান)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ঝিকরগাছা ,যশোর।
ফোন নং : ০৪২২৭-৭৬৯২০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
ঝিকরগাছা, যশোর ।

স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতির তালিকা।

তারিখ ঃ ২৬/০৯/২০২৪ খ্রি ঃ

অধিবেশন নং ঃ ২৩ (তেইশ)
সময় ঃ সকাল ১০.০০ টা।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর ঃ-

ক্রমিক নম্বর	নাম ও পদবী	সভার পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।	সভাপতি	
০২	চেয়ারম্যান বাঁকড়া ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর।	সদস্য	(স্বাক্ষরিত)
০৩	চেয়ারম্যান নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর।	সদস্য	
০৪	চেয়ারম্যান শংকরপুর ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর ।	সদস্য	(স্বাক্ষরিত)
০৫	মোঃ ছালাউদ্দিন উপজেলা সমবায় কর্মকর্তা ঝিকরগাছা,যশোর ।	সদস্য	(স্বাক্ষরিত)
০৬	মোঃ মাহমুদুল হাসান উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঝিকরগাছা, যশোর ।	সদস্য-সচিব	(স্বাক্ষরিত)

CamScanner